



रमेश बैस
राज्यपाल

राज भवन
अगरतला-799 010
दूरभाष: 0381-241-4091
दूरभाष: 0381-241-0217
फैक्स: 0381-241-0026
E-mail : rajbhavanagt@gmail.com
E-mail : rajbhavanagt-tr@gov.in

১৮ মার্চ, ২০২০

বার্তা

আমরা সবাই অবগত রয়েছি যে এস এ আর এস কোভ-২ ভাইরাসের কারণে ঘটিত কোভিড-১৯ ব্যাধিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউ এইচ ও) গত ১১ মার্চ ২০২০ তারিখে বিশ্বব্যাপী ব্যাধি হিসেবে ঘোষণা করেছে। যদিও দেশের বিভিন্ন অঞ্চল থেকে এই ভাইরাস আক্রমণের খবর পাওয়া যাচ্ছে, এখনও পর্যন্ত আমাদের রাজ্য ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে করোনা ভাইরাস আক্রান্ত কোন রোগীর সন্ধান পাওয়া যায়নি। যাই হোক, আমাদের সতর্ক থাকতে হবে।

অতএব, আমি রাজ্যের সকল নাগরিকদের কাছে আবেদন জানাচ্ছি যে অযথা আতঙ্কে থাকবেন না, কিন্তু সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাজ্য সরকার এই বিশ্ব জরুরী অবস্থাকে সর্বোচ্চ প্রাধান্য দিয়েছে এবং এই ভাইরাসের প্রাদুর্ভাবের প্রতিরোধে সকল প্রকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। একাধিক দপ্তর হাতে হাতে মিলিয়ে এই জরুরী পরিস্থিতিতে মোকাবিলা করার চেষ্টা করেছে। এই রোগ নিয়ন্ত্রণে আমি রাজ্যের সকল নাগরিকদের কাছে আবেদন করছি নিম্নলিখিত কয়েকটি সাধারণ নিয়ম পালন করার জন্য।

- ক) আপনার হাত সাবান বা লিকুইড হ্যান্ডওয়াশ এবং জল দিয়ে অথবা অ্যালকোহল মিশ্রিত হ্যান্ড সেনিটাইজার দিয়ে নিয়মিত এবং বার বার ধোবেন।
- খ) কাশি বা হাঁচি দেওয়ার সময় আপনার নাক ও মুখ রুমাল বা টিস্যু পেপার দিয়ে ঢেকে রাখবেন এবং অন্যদেরকেও তা পালন করতে উপদেশ দেবেন। যেখানে সেখানে থু থু ফেলবেন না।
- গ) রুমাল বা টিস্যু পেপার ঢাকনায়ুক্ত ডাস্টবিনে সঙ্গে সঙ্গে ফেলবেন।
- ঘ) যে সমস্ত ব্যক্তি ফু এর মত উপসর্গে আক্রান্ত তাদের সংস্পর্শ এড়িয়ে চলুন অথবা তাদের থেকে অন্তত পক্ষে একমিটার দূরত্ব বজায় রাখুন।
- ঙ) সামাজিক জমায়েত এড়িয়ে চলুন।
- চ) যদি আপনি অসুস্থ বোধ করেন অথবা জ্বর, কাশি, সর্দি ও শ্বাসকষ্টের ন্যায় উপসর্গ দেখা দেয় তাহলে নিকটবর্তী ডাক্তারের কাছে পরামর্শের জন্য যোগাযোগ করুন।
- ছ) যদি আপনার জানার কিছু থাকে অথবা আপনি উল্লেখিত কোন একটি উপসর্গ দ্বারা আক্রান্ত তাহলে হেল্পলাইন নাম্বার-০৩৮ ১-২৩১৫৮৭৯-এ যোগাযোগ করুন।

Sd/-
(রমেশ বৈস)

ICA/0/19/2/20
(10x3)